

দায়

প্রতিমা ভাসানে গেছে  
পড়ে আছে প্রতিমার ভেঙে ফেলা ঘর  
ইঁট, কাঠ, পলিথিন - শিট  
সামনের বাঁধানো কৃত্রিম জলাশয়  
চুপচাপ একা  
এই সকালেও মনখারাপী জলে  
ফড়িং দেখছে তার ওড়াউড়ি ছায়া  
ঘরবাড়ি রেলিং স্থির ছবি গাছপালার  
এ-কদিন প্রদীপ ভেসেছিল জলের বুকে  
হাজার মানুষের খুশি - মুখ  
ভেসেছিল তার নীল সীমানায়

এখন একটুও ঢেউ নেই, ইলেকট্রিক স্তম্ভ  
কী গভীর প্রতিবিস্মিত আকাশের গাছ  
জল নড়ে না, বাতাসও নেই, ঢেউহীন একা  
প্রতিদিন সূর্যতাপ গিলে খাচ্ছে জল  
অল্প অল্প করে  
মৃত্যুমুখী জলাশয়, তবু বুকে জড়িয়ে আছে  
নবজন্ম শ্যাওলা সবুজ।

নন্দিতা বন্দ্যোপাধ্যায়